



নান্দাইল (ময়মনসিংহ) : জাতীয় পে-ভেলের অন্তর্ভুক্ত করার উপজেলা জমিয়ারুল মোদারেছীনের আনন্দ মিছিল - ইনকিলাব

সরকারকে অভিনন্দন জানিয়ে বিভিন্ন স্থানে বেসরকারী শিক্ষকদের মিছিল

অত্যন্তরীণ ডেক

বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষকদের জাতীয় পে-ভেলের অন্তর্ভুক্তি করার সরকারকে অভিনন্দন জানিয়ে বিভিন্ন স্থানে সমাবেশ ও আনন্দ মিছিল অনুষ্ঠিত হয়। জমিয়ারুল মোদারেছীন শিক্ষক ও কর্মচারীরা এসব সমাবেশ ও মিছিলের আয়োজন করে। এ সম্পর্কে সংবাদদাতাদের পাঠানো প্রতিবেদন-
চট্টগ্রাম ব্যুরো জানায়, বেসরকারী স্কুল-কলেজ ও মাদ্রাসা শিক্ষকদের জাতীয় পে-ভেলের অন্তর্ভুক্তি করার সাতকানিয়া উপজেলা জমিয়ারুল মোদারেছীন, সাতকানিয়া শাখার সভাপতি, সেক্রেটারী, যুগ্ম-সচিব অধ্যক্ষ মোলানা আব্দুল কাইয়ুম, অধ্যক্ষ মোলানা নরুল আলম, মোলানা আবুল ফয়েজ, অধ্যক্ষ নুরুলআজাহ, অধ্যক্ষ আজিজুল হক, অধ্যক্ষ আবদুল হামিদ, অধ্যক্ষ আবদুর রশিদ আল কাদেরী, সুপার, সাহেদুল হক, সুপার, হাকিমুর রশিদ, সুপার, নিজাম উদ্দীন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া, অর্থমন্ত্রী এম. সাইফুর রহমান ও শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক, শিল্পমন্ত্রী মাওলানা নজিউর রহমান নিম্নাধীকে ধন্যবাদ ও মোবারকবাদ জ্ঞাপন করেন। জমিয়ারুল মোদারেছীন আরো বলেন, জোট সরকার বেসরকারী শিক্ষকদের জাতীয় পে-ভেল অন্তর্ভুক্ত করে একটি নির্বাচনী অধীকার পূরণ করেছে। নেতৃত্ব আশা পোষণ করেন, বেসরকারী শিক্ষকদের বর্ধদিনের পুরানো দাবী ১০০%-এর প্রতিশ্রুতি সরকার অতি সত্বর পূরণ করবেন।
নান্দাইল (ময়মনসিংহ) উপজেলা সংবাদদাতা জানান, ২৪ মে গত মঙ্গলবার দুপুরে বাংলাদেশ জমিয়ারুল মোদারেছীন

ময়মনসিংহের নান্দাইল উপজেলা শাখার উদ্যোগে বেসরকারী শিক্ষক কর্মচারীদের ৬ষ্ঠ জাতীয় বেতন ভেলের অন্তর্ভুক্ত করার বর্তমান চার দশীয় ঐক্যজোট সরকারকে অভিনন্দন জানিয়ে এক বিশাল আনন্দ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। আনন্দ মিছিলে নান্দাইল উপজেলার ৩০টি দারুল, আলিম ও ফাজিল মাদ্রাসার সকল শিক্ষক কর্মচারীগণ অংশগ্রহণ করে। এই কর্মসূচীর প্রতি সমর্থন জ্ঞাপন করে উপজেলার মাধ্যমিক স্কুল শিক্ষক সমিতির নেতৃত্ব ও শিক্ষক কর্মচারীগণ উপস্থিত ছিলেন। মিছিলটি নান্দাইল সদরে বিভিন্ন গুরুত্বপূর্ণ সড়ক ও উপজেলা পরিষদ চত্বর প্রদক্ষিণ করে। তারপর উপজেলা পরিষদ প্রাঙ্গণে নান্দাইল উপজেলা শাখার জমিয়ারুল মোদারেছীনের সভাপতি অধ্যক্ষ মাওলানা আবুল মনসুরের সভাপতিত্বে বক্তব্য রাখেন, উপজেলা জমিয়ারুল মোদারেছীনের সাধারণ সম্পাদক অধ্যক্ষ মাওলানা আবদুল হাই; সহসভাপতি অধ্যক্ষ মাওলানা রফিকুল ইসলাম, অধ্যক্ষ মাওলানা মহম্মদ হক হাসান, অধ্যক্ষ মাওলানা হোসাইন আহমদ ফকির, অধ্যক্ষ এনায়েত হক, অধ্যক্ষ আমিনুল হক ও মাওলানা মুর্শেদ আলী প্রমুখ। অনুষ্ঠানের একপর্যায়ে স্থানীয় এমপি খুররাম খান চৌধুরীও উপস্থিত ছিলেন। বক্তাগণ বলেন, সরকার বেসরকারী শিক্ষক কর্মচারীদের ৬ষ্ঠ জাতীয় বেতন ভেলের অন্তর্ভুক্ত করে শিলা প্রতিষ্ঠানে কর্তৃত্ব শিক্ষক-কর্মচারীদের সম্মান দেখিয়েছে। সেই সাথে বক্তাগণ সরকারী শিক্ষক কর্মচারীদের ন্যায় উৎসব ভাতা ও সম্মানজনক চিকিৎসা ভাতা প্রদানের দাবী জানান।